

আড়ালে থাকা কতিপয় সত্য বচন



● মুহাম্মদ রাফিউজ্জামান সিফাত

১. পানির অপর নাম জীবন বলা হলেও অনেক সময় পানি জীবন রক্ষা করতে পারে না। বহু পানিবাহিত রোগ আমাদের শরীরের বারোটা বাজিয়ে দিতে সক্ষম। উদাহরণ- ডায়রিয়া, কলেরা।
২. বর-কনে শুরুতে বিবাহের মঞ্চে 'কবুল' বলে দাম্পত্য জীবন শুরু করলেও বাকি জীবনে আর সব বিষয়ে 'কবুল' বলতে পারে না। (ইচ্ছে থাকলেও সম্ভব হয় না মাম্মা)
৩. সর্বদা সত্য কথা বলব- ছোটবেলায় এই নীতিবাক্য শিখে এলেও মানব জীবনের শুরু থেকে শেষ পর্যন্ত একজন মানুষ সর্বদা সত্য বলে না। হাজারো মিথ্যের মাঝে সে কিছু সত্য বলে থাকে। যার সত্য বলার পরিমাণ মিথ্যার চেয়ে কিছু বেশি সমাজে তাকেই সত্যবাদী ধরে নেয়া হয়।
৪. আপনি যতই প্রতিশ্রুতি দিন না কেন, সারাজীবন আপনি সব প্রতিশ্রুতি রক্ষা করতে পারবেন না।
উদাহরণ- জান, আমাকে বিয়ে করো, তোমার জন্য আমি জীবন দিয়ে দিব। কথা হচ্ছে জীবন দিয়ে দিলে বিয়ে করে লাভ কী? এই কাজ কেউ করে না। সুতরাং জীবন দেয়ার প্রতিশ্রুতিও রক্ষা করা হয়ে ওঠে না।


৫. মার্ক জুকারবার্গ ফেসবুকের প্রতিষ্ঠাতা হলেও তাকে কখনো অনলাইনে পাওয়া যায় না।
(পাওয়া গেলে চ্যাটে হাই, হ্যালো বলে স্ক্রিন শট নিয়ে রাখা যেত। বন্ধুদের আড্ডায় ভাব পিঁটাতে কাজে লাগত)
৬. রবীন্দ্রনাথ বিখ্যাত 'শেষের কবিতা' লেখার পরও আরো অনেক কবিতা লিখে গেছেন।
৭. 'আমি মিথ্যা বলি না'- এটি সবচেয়ে বড় মিথ্যা।
৮. দেশে দরবেশ বাবা আছে কিন্তু দরবেশ মা নেই। তেমনি গডফাদার অনেক কিন্তু গডমাদার? একটাও পাওয়া যায়নি।
৯. 'কাল থেকে পড়াশোনায় সিরিয়াস হবো'- শিক্ষাজীবনে কম-বেশি প্রতিটি শিক্ষার্থী এই বাক্যটি একবার হলেও উচ্চারণ করে।
১০. রাজাকার শব্দের অর্থ স্বেচ্ছাসেবক হলেও বর্তমানে রাজাকার শব্দ গালি দেয়া অর্থে ব্যবহার করা হয়। যেমন- তুই রাজাকার (ঘৃণা, তাচ্ছিল্য অর্থে)
১১. 'পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি' কোনো অবস্থাতেই এই উক্তি সত্য নয়। পূর্ণিমার চাঁদ ঝলসানো রুটি হলে নীল আর্মস্ট্রং ডিম ভাজির সঙ্গে চাঁদ খেয়ে ফেলতেন। তিনি তা করেননি।
১২. 'ফেসবুকে' ফেস ছাড়াও অনেক কিছু দেখা যায়। যেমন- স্ট্যাটাস, কमेंট, ভিডিও, ছবি (পরিপূর্ণ অবয়ব) ইত্যাদি। ■



গত সংখ্যার উত্তর চোরের মায়ের গলা বড় কেন?

- উত্তর : গলা ছোট হলে আওয়াজ যে বেশি দূর যাবে না, তাই।
-নারায়ণগঞ্জ থেকে সুব্রত
- চুরি করার কারণে চোরের গলা মিনমিনে হয়ে যায়, তাই মা বড় গলায় চেলের গুণগান করে। -খুলনা থেকে শান্তা
- পুত্রহলে চোরের মায়ের গলা বড় হয়ে যায়। -ঢাকা থেকে হাসান বিজয়ী সুব্রতকে অভিনন্দন।
আপনার টিকানায় উপহার পৌছে যাবে

প্রশ্ন উত্তর



newarticle2000@gmail.com